# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১২৮) হাউজে কাউছারের ব্যাপারে হাদীছের দলীল কী?

উত্তরঃ হাশরের মাঠে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাউজে কাউছার থাকবে। এ ব্যাপারে সহীহ হাদীছগুলো মুতাওয়াতির সূত্রে বর্ণিত হয়েছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(أَنَا فَرَطُكُمْ عَلَى الْحَوْضِ)

‘‘আমি হাউজের কাছে তোমাদের সকলের পূর্বেই পৌঁছে যাব’’।[1] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেনঃ

(إِنِّي فَرَطُكُمْ وَأَنَا شَهِيدٌ عَلَيْكُمْ وَإِنِّي وَاللَّهِ لَأَنْظُرُ إِلَى حَوْضِي الْآنَ)

‘‘আমি তোমাদের পূর্বেই হাউজের কাছে পৌঁছে যাব। আমি তোমাদের উপর সাক্ষী হব। আল্লাহর শপথ! আমি এখান থেকে এখনই আমার হাউজ দেখতে পাচ্ছি’’।[2] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(حَوْضِي مَسِيرَةُ شَهْرٍ مَاؤُهُ أَبْيَضُ مِنَ اللَّبَنِ وَرِيحُهُ أَطْيَبُ مِنَ الْمِسْكِ وَكِيزَانُهُ كَنُجُومِ السَّمَاءِ مَنْ شَرِبَ مِنْهَا فَلاَ يَظْمَأُ أَبَدًا)

‘‘আমার হাউজের দৈর্ঘ্য হবে এক মাসের দূরত্বের সমান। যার পানি হবে দুধের চেয়ে সাদা, মধুর চেয়ে মিষ্টি এবং তার সুঘ্রাণ হবে কস্তুরীর চেয়েও উত্তম। তার পেয়ালার সংখ্যা হবে আকাশের তারকার সমপরিমাণ। যে ব্যক্তি একবার তা থেকে পানি পান করবে চিরদিনের জন্যে তার পিপাসা মিটে যাবে।[3]নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেনঃ

(أَتَيْتُ عَلَى نَهَرٍ حَافَتَاهُ قِبَابُ اللُّؤْلُؤِ مُجَوَّفًا فَقُلْتُ: مَا هَذَا يَا جِبْرِيلُ قَالَ هَذَا الْكَوْثَرُ)

‘‘আমি একটি নদীর পাশে উপস্থিত হলাম। তার উভয় পার্শ্ব ছিল ফাঁপা মুক্তার তাঁবুর মত। আমি বললামঃ হে জিবরীল! এটি কোন্ নদী? জিবরীল (আঃ) বললেনঃ এটি হচ্ছে হাউজে কাউছার।[4] এছাড়া হাউজে কাউছার সম্পর্কে আরো অনেক হাদীছ রয়েছে।

## ফুটনোট

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুর্ রিকাক।

[2] - উপরোক্ত উৎস্য।

[3] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুর্ রিকাক।

[4] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুত্ তাফসীর।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11942

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন